

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২২৫

খোয়াই, ২৭ মার্চ, ২০২৫

খোয়াইয়ে টিবি ফোরামের সভা

খোয়াই জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে গতকাল টিবি ফোরামের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় খোয়াই জিলা পরিষদের সভাপতি অপর্ণা সিংহ রায় দত্ত বলেন, রাজ্য সরকার রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামো উন্নয়নে গুরুত্ব দিয়েছে। স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়নের সুফল রাজ্যের প্রান্তিক মানুষের কাছে পৌঁছে দেওয়া হয়েছে। তিনি বলেন, যক্ষ্মা মুক্ত রাজ্য গঠন করতে হলে সচেতনতার মধ্য দিয়ে যক্ষ্মা মুক্ত গ্রাম গঠন করতে হবে। এই কাজে রাজ্যের সকল অংশের মানুষকে এগিয়ে আসতে হবে। সভায় ডা. সঞ্জীব ঝাঁ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে টিবি রোগের লক্ষণ, রোগ প্রতিরোধ ব্যবস্থা ও চিকিৎসা, স্ক্রিনিং টেস্ট, টিবি মুক্ত গ্রাম তৈরি ইত্যাদি বিষয়ে সবিস্তারে আলোচনা করেন। সভায় খোয়াই জেলার টিবি চ্যাম্পিয়ন প্রসেনজিৎ ঘোষ ও কনক ওরাং কিভাবে যক্ষ্মা রোগ থেকে মুক্ত হয়েছেন তা সবিস্তারে তুলে ধরেন। সভায় এছাড়াও উপস্থিত ছিলেন খোয়াই জেলাশাসক রজত পন্থ, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. পদ্মরাম জমাতিয়া, জেলা হাসপাতাল সুপার ডা. অরিন্দম দেববর্মা, খোয়াই বার অ্যাসোসিয়েশনের সভাপতি এডভোকেট ননীগোপাল দেবনাথ, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের ডিপিএম প্রণয় দেববর্মা, ডিস্ট্রিক্ট ইম্যুনাইজেশন অফিসার ডা. বিক্রম দেববর্মা প্রমুখ।
